



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ২৬.০৭.২০২৩

### প্রেস রিলিজ

পাবিপ্রবি'র রসায়ন বিভাগে ফেয়ারওয়েল ও কেমিস্ট্রি নাইট উদযাপন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের আয়োজনে গতকাল মঙ্গলবার ২৫ জুলাই ফেয়ারওয়েল ও কেমিস্ট্রি নাইট উদযাপন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. খায়রুল আলম। এতে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান মো. ফারুক আহম্মেদ।



নাচ, গান, পুতিপাঠ, নাটক, রয়াম্পশো, কবিতা পাঠসহ নানা আয়োজনের মাধ্যমে পুরো অনুষ্ঠানকে মাতিয়ে রাখেন বিভাগের শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের দিকনির্দেশনামূলক বক্তব্য দেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন এবং উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

আরও বক্তব্য দেন মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হাবিবুল্লাহ। স্বাগত বক্তব্য দেন বিভাগের সহযোগী অধ্যাপক রতন কুমার পাল।

বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে অভিব্যক্তি প্রকাশ করেন মো. ইশারাত হোসেন। অনুষ্ঠানে আর উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট ড. মো. ওমর ফারুক, প্রক্টর ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. মো. নাজমুল হোসেনসহ বিভাগের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

চেয়ারম্যান ফারুক আহম্মেদ অনুষ্ঠানে উপস্থিত অতিথিসহ সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। সম্বলনা করেন বিভাগের শিক্ষার্থী ইমন হোসেন। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের বন্দে আলী মিয়া মুক্তমঞ্চে বিকালে শুরু হয়ে রাত ১০টায় শেষ হয়।

বার্তা প্রেরক

(মো. বাবুল হোসেন)

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১৯১৩৩৭৬৯২৫